সংরক্ষিত নারী আসনে আ’লীগের মনোনয়ন ফরম কিনলেন মেহেরুন্নেসা বিউটি

দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসন কুষ্টিয়া-৩ থেকে আওয়ামী লীগের মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন মহিলা শ্রমিক লীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ও কুষ্টিয়া জেলা মহিলা শ্রমিক লীগের সাধারন সম্পাদক মেহেরুন্নেসা বিউটি।

তিনি জাতীয় শ্রমিক লীগ কেন্দ্রীয় কমিটির সদস্য ও কুষ্টিয়া জেলা শাখার সাধারণ সম্পাদক আলহাজ্ব আমজাদ আলী খানের সহধর্মিনী।

গতকাল বুধবার (৭ ফেব্রুয়ারি) দুপুরে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয় থেকে দলীয় মনোনয়নপত্র কিনেছেন। তিনি মনোনয়ন ফরম সংগ্রহের পর সবার কাছে দোয়া চান।

সংরক্ষিত নারী আসনে সংসদ সদস্য হওয়ার ইচ্ছা আগেই প্রকাশ করেছিলেন মেহেরুন্নেসা বিউটি। তিনি বলেন, আমি দলীয় মনোনয়নপত্র কিনেছি আমার বিশ্বাস দল আমাকে এবার মনোনয়ন দিবে।’

তিনি আরও বলেন, আমি মহিলা শ্রমিক লীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ও কুষ্টিয়া জেলা মহিলা শ্রমিক লীগের সাধারন সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছি। ‘দলীয় মনোনয়ন পেলে নারীদের নিয়ে কাজ করতে চাই। সে কারণেই সংরক্ষিত নারী আসনের দলীয় মনোনয়ন চাই। আমার বিশ্বাস,এই দায়িত্ব পালন করার মতো যোগ্যতা আমার আছে।’ ছাত্রী জীবন থেকে বর্তমান রাজনৈতিক জীবন বৃত্তান্ত।

১৯৮৬ সালে কুষ্টিয়া ইসলামিয়া কলেজ শাখায় বাংলাদেশ ছাত্রলীগের সহ-সভানেত্রী, ১৯৮৮ সালে মিলপাড়া পৌর ৪নং ওয়ার্ড মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা দায়িত্ব পালন করেন, ১৯৯১ সালে কুষ্টিয়া জেলা মহিলা আওয়ামীলীগের নির্বাহী সদস্য পদ লাভ করেন (সেসময় সম্মেলনে বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত ছিলেন), ১৯৯৮ সালে কুষ্টিয়া লালন একাডেমী আজীবন সদস্য পদ লাভ করেন, ২০০১ সালে কুষ্টিয়া নব যুবক ক্রীড়া চক্রের সহ-সভানেত্রী (জেলা ক্রীড়া সংস্থা অন্তর্ভূক্ত ক্লাব), ২০০৩ সালে কুষ্টিয়া আলী ইমাম ক্রীড়া চক্রের সহ-সভানেত্রী (জেলা ক্রীড়া সংস্থা অন্তর্ভূক্ত ক্লাব),

২০০৯ সালে কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা লাভ করেন, ২০১০ সালে কুষ্টিয়া জেলা ক্রীড়া সংস্থার কাউন্সিলর নির্বাচিত হন, ২০১৪ সালে কুষ্টিয়া পৌরসভা কর্মচারী এমপ্লয়িজ ইউনিয়ন (সিবিএ) নির্বাচিত নির্বাহী সদস্য, ২০১৫ সালে কুষ্টিয়া জেলা মহিলা শ্রমিক লীগের সাধারন সম্পাদক হিসেবে দায়িত্ব পাওয়ার পর একনিষ্ঠ ভাবে কাজ করে যাচ্ছেন, ২০১৬ সালে বাংলাদেশ মাস্টার্স এ্যাথলেটিকস্ এসোসিয়েশনের সাধারন সম্পাদক, ২০১৬ সালে বাংলাদেশ মাস্টার্স এ্যাথলেটিকস্ দলে ১৯তম এশিয়া মাস্টার্স এ্যাথলেটিকস্ সিঙ্গাপুর সহকারী টিম ম্যানেজারের দায়িত্ব পালন।

ভারতে মাহিশুরে টিম ম্যানেজার হিসাবে দায়িত্ব পালন, ২০১৭ সালে কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের কাউন্সির অধিবেশনের মাধ্যমে যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হন, ২০১৮ সালে কুষ্টিয়া আলী ইমাম ক্রীড়া চক্র সভাপতি দায়িত্ব পালন করছেন (জেলা ক্রীড়া সংস্থা অন্তর্ভুক্ত), ২০২০ সাল থেকে সহ-সভাপতি মহিলা শ্রমিক লীগ, কেন্দ্রীয় কমিটির পদ লাভ করেন, এরপর ইউনিয়ন নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল লিয়াজো কাউন্সিল (টঘওইখঈ) কুষ্টিয়া জেলা শাখার সভাপতি হিসেবে নিজেকে মেলে ধরেছেন।

এদিকে, আজ বৃহস্পতিবার বিকেল ৪টা পর্যন্ত মনোনয়ন আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়া যাবে বলে আওয়ামী লীগের পক্ষ থেকে জানানো হয়েছে। এছাড়া প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ফরম সংগ্রহ ও জমা দেওয়া যাবে।

মেহেরপুরে জেলা বিএনপির তিন নেতা আগাম জামিন পেলেন হাইকোর্ট থেকে

মেহেরপুরের গাংনী থানা পুলিশের দায়ের করা নাশকতার দুটি মামলায় আগাম জামিন পেলেন মেহেরপুর জেলা বিএনপি ও যুবদলের তিন নেতা। বাংলাদেশ হাইকোর্টের ২৭ নং কোর্টের বিচারক নজরুল ইসলাম ও এমদাদ হোসেন গঠিত দৈত্য বেঞ্চ আজ বুধবার (৭ ফেব্রুয়ারি) দুপুরে

বিএনপি ও যুবদলের এই তিন নেতাকে ৬ সপ্তাহের জন্য আগাম জামিন দেন।

এরা হলেন, মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু ও গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস।

এর আগে মামলার অপর আসামি জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইস-চেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল, সাহারবাটি গ্রামের বিএনপি নেতা আব্দুল সাত্তারসহ অন্যান্য নেতাকর্মীরা মেহেরপুর জজকোর্টে আত্মসমপর্ণ করলে তাদের জামিন দেন।

গত বছরের ১৫ নভেম্বর হাসিনা সরকারের পদত্যাগ ও নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনের একদফা দাবিতে ও নির্বাচন কমিশনের অবৈধ তফসিল প্রত্যাখান করে গাংনীতে বিএনপির মশাল মিছিল অনুষ্ঠিত হয়।

এঘটনায় পরে গাংনী থানা পুলিশের পক্ষ থেকে নাশকতার অভিযোগে দুটি মামলা দায়ের করে। মামলার নং যথাক্রমে ৬৯৩৯ ও ৬৯৪১। ৬৯৩৯ নং মামলায় এজাহার নামীয় ৭ জন এবং অজ্ঞাতনামা ২৫/২৬ জনকে আসামি করা হয়। এছাড়া ৬৯৪১ নং মামলায় এজাহারনামীয় ১০ জন এবং অজ্ঞাত নামা ২৫/৩০ জনকে আসামি করা হয়। মামলায় বিএনপি ও তার সহযোগী সংগঠনের বেশ কয়েকজনকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করে পুলিশ। এছাড়া কয়েকজন মেহেরপুর জেলা জজকোর্টে উপস্থিত হয়ে জামিনের আবেদন করলে জামিন দেন বিচারক।

জামিনে মুক্ত গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেন, ফ্যাসিস্ট অবৈধ সরকারের মিথ্যা গায়েবী মামলায় দীর্ঘদিন পরে মহামান্য হাইকোর্ট থেকে আগাম ৬ সপ্তাহের জামিন দিয়েছে।

নারী আসনে মনোনয়ন ফরম কিনলেন অভিনেত্রী শাওন

দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন ফরম কিনেছেন অভিনেত্রী মেহের আফরোজ শাওন। তিনি ময়মনসিংহ বিভাগ থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন।

আজ মঙ্গলবার বিকেল ৩টায় রাজধানীর গুলিস্তানের ২৩ বঙ্গবন্ধু এভিনিউতে অবস্থিত আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয় থেকে তিনি মনোনয়ন ফরম সংগ্রহ করেন।

বিকেল ৩টা পর্যন্ত মোট ৬৪৫টি ফরম বিক্রি করে ক্ষমতাসীন দলটি। এর মধ্যে ঢাকা বিভাগ থেকে ২০২টি, ময়মনসিংহ বিভাগ থেকে ৫৪টি, চট্টগ্রাম বিভাগ থেকে ১২২টি, সিলেট বিভাগ থেকে ২১টি, বরিশাল বিভাগ থেকে ৪৪টি, খুলনা বিভাগ থেকে ৬৫টি, রংপুর বিভাগ থেকে ৬২টি এবং রাজশাহী বিভাগ থেকে ৭৫টি মনোনয়ন ফরম বিক্রি হয়েছে।

কার্যালয়ের ভেতরে দ্বিতীয়তলায় ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগ এবং তৃতীয়তলায় রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের মনোনয়নপত্র বিতরণ করা হচ্ছে। মনোনয়ন ফরম পূরণ শেষে সব বিভাগের মনোনয়নপত্র নিচতলায় জমা নেওয়ার ব্যবস্থা রাখা হয়েছে।

বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) বিকেল ৪টা পর্যন্ত মনোনয়ন আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়া যাবে বলে আওয়ামী লীগের পক্ষ থেকে জানানো হয়েছে। এছাড়া প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ফরম সংগ্রহ ও জমা দেওয়া যাবে।

সূত্র: ইত্তেফাক

ঝিনাইদহ জেলা বিএনপি ও

অঙ্গসংঠনের ১২ নেতাকর্মীকে জামিন নামঞ্জুর

নাশকতার মামলায় ঝিনাইদহ জেলা বিএনপির ও অঙ্গসংঠনের ১২ নেতাকর্মীকে জামিন মঞ্জুর না করে জেল হাজলে পাঠিয়েছে ঝিনাইদহ সদর আমলী আদালতের বিচারক।

আজ সোমবার দুপুরে ঝিনাইদহ সদর আমলী আদলতের বিচারক ফারুক আজম এ আদেশ দেন। মামলা নম্বর-৩৩৪/২৩। জেল হাজতে প্রেরনকারীরা হলো- ঝিনইদহ জেলা বিএনপির সহ-সভাপতি বদরুদ্দোজা বাদশা, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, জেলা যুবদলের সভাপতি আহসান হাবিব রনক, সহ-সভাপতি মনিরুল ইসলাম, সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু, জেলা স্বেচ্ছাসেবক দলের ভারপ্রাপ্ত সভাপতি রুহুল আমিন পিকুল, সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম, জেলা ছাত্র দলের সহ-সভাপতি ইমরান হোসেন, সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিক, মিলন ও বখতিয়ার মাহমুদ।

ঝিনাইদহ জেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস জানান, জেলা বিএনপির ও অঙ্গসংঠনের ১২ নেতাকর্মীর নামে গায়েবী মামলা হয়। সেই মামলায় হাই কোর্ট থেকে জামিনে ছিলেন তারা। নিন্ম আদালতে জামিনের জন্য হাজির হলে ঝিনাইদহ সদর আমলী আদালতের বিচারক ফারুক আজম জামিন মঞ্জুর না করে জেল হাজতে পাঠানোর নির্দেশ প্রদান করেন।

আলমডাঙ্গায় ছয় মাসের সাজাপ্রাপ্ত ও ইউনিয়ন আ.মী লীগের সভাপতি গ্রেপ্তার

আলমডাঙ্গায় চেক জালিয়াতি মামলায় ছয় মাসের সাজাপ্রাপ্ত আসামী আওয়ামী লীগ নেতা হাফিজুর রহমান বাবলুকে গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ সোমবার বিকেলে আলমডাঙ্গা থানাপুলিশ পৌর এলাকার সাব-রেজিস্ট্রি অফিস এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত হাফিজুর রহমান বাবলু উপজেলার খাদিমপুর গ্রামের মৃত আনিসুজ্জামান জোয়ার্দ্দারের ছেলে।

তিনি খাদিমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাব-রেজিস্ট্রি অফিসের দলিল লেখক সমিতির সাধারণ সম্পাদক।

বাবলু চেক জালিয়াতির একটি মামলায় পরোয়ানাভুক্ত আসামি ছিলেন। পরে সেই মামলায় বিজ্ঞ আদালত হাফিজুর রহমান বাবলুকে ৬ মাসের কারাদণ্ড দেন। আদালতের রায় ঘোষণার পর থেকেই পালাতক ছিলেন আওয়ামী লীগ নেতা বাবলু।

হাফিজুর রহমান বাবলুর আটকের বিষয়টি নিশ্চিত করে আলমডাঙ্গা থানার (ওসি) শেখ গণি মিয়া বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে সাব-রেজিস্ট্রি অফিস এলাকা থেকে তাকে আটক করা হয়েছে। বিকেলেই সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে পাঠানো হয়েছে।

ঝিনাইদহে নিহত আওয়ামী লীগ কর্মীর বাড়িতে কেন্দ্রীয় বিএনপির ভাইস চেয়ারম্যান

ঝিনাইদহে নির্বাচনের একদিন পর দুর্বৃত্তদের ধারালো অস্ত্রের আঘাতে নিহত বরুণ ঘোষের বাড়ি গেলেন বিএনপির ভাইস চেয়ারম্যান নিতাই রায় চৌধুরীসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

আ্জ শনিবার (৩ ফেব্রুয়ারি) দুপুরে ঝিনাইদহ শহরের হামদহে নিহত আওয়ামী লীগ কর্মী বরুণ ঘোষের বাড়ি গিয়ে স্বজনদের সাথে সাক্ষাত করেন নেতৃবৃন্দ। সেসময় বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক ব্যারিস্ট্রর রুহুল কুদ্দুস কাজল, বিএনপির সহ-ধর্ম বিষয়ক সম্পাদক অমলেন্দু দাস অপু, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও ঢাকা

জেলা বিএনপির সাধারণ সম্পাদক এ্যাড. নিপুণ রায় চৌধুরী, যুবদলের সহ-আইন বিষয়ক সম্পাদক এডভোকেট নুরে আলম সিদ্দিকী সোহাগ, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

নেতৃবৃন্দ নিহত বরুণ ঘোষের স্ত্রী, কণ্যাসহ পরিবারের সদস্যদের সাথে কথা বলেন। সেই সাথে তাদের আইনগতসহ সকল প্রকার সহযোগিতার আশ্বাস দেন।

শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে নিতাই রায় চৌধুরী বলেন, আওয়ামী লীগ নির্বাচনী নাটক সাজাতে গিয়ে সংখ্যালঘুদের উপর নির্যাতন করছে। তারা সময় সময় সাম্প্রদায়িকতা সৃষ্টি করে। এবারের নির্বাচন মানুষ বয়কট করেছে। তারা নির্বাচনকে কাজে লাগিয়ে সারা দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর নির্যাচন চালিয়ে যাচ্ছে। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায়।

উল্লেখ্য, গত ৯ জানুয়ারি সন্ধ্যায় শহরের হামদহ এলাকার আওয়ামী লীগ কর্মী বরুণ ঘোষকে কুপিয়ে গুরুতর আহত করে দুর্বৃত্তরা। পরে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

আলমডাঙ্গায় নেতাকর্মীদের সাথে এমপি ছেলুন জোয়ার্দ্দারের মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গার বধ্যভূমি পরিদর্শন ও নেতাকর্মিদের সাথে মত বিনিময় করেছেন।

তিনি আজ বৃহস্পতিবার বিকেলে বধ্যভূমিতে এসে বধ্যভূমি পরিদর্শন শেষে মত বিনিময় করেন।

মতবিনিময় কালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,আওয়ামীলীগ হলো মাটি

ও মানুষের সংগঠন। এ সংগঠনের তৃণমূলের কর্মিরা হলো অত্যন্ত নিবেদিত। তাদের তেমন কোন চাওয়া পাওয়া নেই। তারা আওয়ামীলীগকে হৃদয়ে ধারণ করে। যার প্রমাণ তারা বার বার দিয়েছে। এবারের নির্বাচনেও তারা আওয়ামী লীগকে ভালোবেসে, শেখ হাসিনার প্রতি আস্তা রেখে নৌকায় ভোট দিয়ে আমাকে আবারও নির্বাচিত করেছে। তাদের এই ভালোবাসার ঋণ শোধ হবার নয়। তৃণমূলের নেতাকর্মিদের নৌকার প্রতি যে আস্তা তার প্রতিদান আমাদের দিতে হবে।

তিনি বলেন, বঙ্গবন্ধু এই দেশকে সোনার বাংলা গড়ে তোলার যে স্বপ্ন দেখতেন তাঁর সেই স্বপ্ন আজ বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা বাস্তবায়নে কাজ করে যাচ্ছেন। আমাদেরকেও মানুষের কল্যাণে কাজ করতে হবে। দুঃখি মানুষের পাশে দাঁড়াতে হবে।

মতবিনিময় কালে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী, জেলা আওয়ামীলীগের সাবেক সদস্য নুরুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর আওয়ামীলীগ নেতা আমিনুল ইসলাম অপু মোল্লা, সাবেক পৌর সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম,সাবেক উপপ্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, আওয়ামীলীগ নেতা বিশিষ্ট ব্যবসায়ী হাজী ঠাণ্ডু রহমান, আব্দুল মালেক, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি, জয়নাল আবেদীন,প্যানেল মেয়র মজিবুল হক, ওসি তদন্ত একরামুল হক, সাবেক জেলা পরিষদ সদস্য মিজানুর ররহমান,সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল হক, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন বাদশা, পাপন রহমান, গোলাম সারোয়ার শামিম, লাভলু, শরিফুল মেম্বার প্রমুখ।

মেহেরপুরে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপির গণ সংবর্ধনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে নির্বাচিত হওয়ায় মেহেরপুর জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি কে গণ

সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (১ ফেব্রুয়ারি) বিকেলে মেহেরপুর শহীদ ড. শামসুজ্জোহা পার্কে গণ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের সভাপতিত্বে মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ যুব মহিলা লিগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, গাংনীর পৌর মেয়র আহম্মেদ আলী, মেহেরপুর সদর আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন, সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, আমদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রওশন আলী টোকন, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতিন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহজামান, মেহেরপুর জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক মিজানুর রহমান হিরন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কাজী শহিদুল হক, বাংলাদেশ যুব মহিলা লীগ মেহেরপুর শাখার সাধারণ সম্পাদিকা রুথ শোভা মন্ডল, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদির হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন, কুতুপুর ইউনিয়ন আওয়ামী লীগের সম্পাদক বাবুল আক্তার, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, বারাদি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন, মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি ইমাম হোসেন ইমন সহ মেহেরপুর জেলা আওয়ামী লীগ, যুবলীগ ছাত্রলীগ, যুব মহিলা লীগ, ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা

উপস্থিত ছিলেন।

এর আগে ইম্প্যাক্ট ফাউন্ডেশনের প্রশাসক শরিফুল ইসলামের নেতৃত্বে ইম্প্যাক্ট ফাউন্ডেশনের সামনে কার্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপিকে ফুল দিয়ে বরণ করে নেন।

ঝিনাইদহে পুলিশের বাঁধায় বিএনপির কালো পতাকা মিছিল পন্ড

ঝিনাইদহে পুলিশের বাঁধায় পন্ড হয়েছে বিএনপির কালোপতাকা মিছিল। কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে সকালে জেলা বিএনপির কার্যালয় চত্বরে বিভিন্ন উপজেলা থেকে দলীয় নেতাকর্মীরা জড়ো হওয়ার চেষ্টা করলে পুলিশ তাদের সরিয়ে দিয়ে কার্যালয়ের সামনে অবস্থান নেয়।

পরে দলীয় কার্যালয় থেকে নেতাকর্মীরা মিছিল বের করার চেষ্টা করলে পুলিশ তাদের বাঁধা দেয়। পুলিশের বাঁধায় মিছিল করতে না পেরে সেখানেই সমাবেশ করে তারা।

সেসময় বিএনপির খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সহ-সভাপতি কামাল আজাদ পান্নু, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা দ্রব্যমুল্যের উর্দ্ধগতির প্রতিবাদ জানিয়ে ও বেগম খালেদা জিয়াসহ সকল নেতাকর্মীদের নামে মিথ্যা ও ষড়যন্ত মূলক মামলা প্রত্যাহার ও সংসদ নির্বাচন বাতিলের দাবী জানান।

কোটচাঁদপুর বিএনপির কালো পতাকা মিছিল

দ্রব্যমূল্যের সীমাহীন উর্ধ্বগতি, দেশনেত্রী বেগম খালেদা জিয়াসহ সকল রাজবন্দিদের মুক্তি, সকল মিথ্যা মামলা প্রত্যাহার ও অবৈধ সংসদ বাতিলসহ ১ দফা দাবিতে কোটচাদপুরে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে কালো পতাকা মিছিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৩০শে জানুয়ারি) বিকেলে পৌর শহরের মেইন বাসস্ট্যান্ড উপজেলা বিএনপি দলিও কার্যালয়ের সামনে থেকে মিছিল টি বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ করে পাইকারি কাঁচা বাজারে গিয়ে শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সহ তথ্য ও গবেষনা সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল,উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, পৌর বিএনপির সাধারন সম্পাদক আবুল কাশেম, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু, উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক শহীদুল ভুইয়া, পৌর বিএনপির প্রচার সম্পাদক কাজী মোস্তাক, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা কৃষকদলের আহ্বায়ক রফিকুল ইসলাম ও সদস্য সচিব আবুল কাশেম বাবু, পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষিবিদ ফিরোজ উদ্দিন মানিক ও সদস্য সচিব মিজান সরকার, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, উপজেলা মৎসজীবি দলের সদস্য সচিব আজিম হোসেন, পৌর ছাত্র দলের সদস্য সচিব ফজলে রাব্বি, উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক শরিফুল ইসলাম শান্ত, রিয়ন আহমেদ, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মনির হোসেন টুটুল, রিয়াজ হোসেন বেনজামিন, নাহিদ হোসেন টিপু, দোড়া ইউনিয়ন যুবদলের আহ্বায়ক ও সাবেক ইউপি সদস্য মুহিদুল ইসলাম, যুবদল নেতা ইমরান, সোহান, ফয়সল, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক জাহিদুল ইসলাম সোহেল, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সাইহাফ আল জাবির, কৃষকদল নেতা কামরুল, সাগর, আলফা প্রমুখ।

এ সময় উপজেলা ও পৌর বিএনপি এবং সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী উপস্থিত ছিলেন।